গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
পীরগঞ্জ, ঠাকুরগাঁও

সভায় উপস্থিত সদস্য বৃন্দ ঃ পরিশিষ্ট- 'ক'

১২/৩/২৫

| ক্র: নং | নাম | পদবী ও ঠিকানা | স্থায়ী কমিটির পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ০১ | মো: রকিবুল হাসান | প্রশাসক উপজেলা পরিষদ পীরগঞ্জ, ঠাকুরগাঁও। | সভাপতি | ০১৭০৮-৩৬৮৬৬০ | |
| ০২ | মো: হিটলার হক | চেয়ারম্যান, ০১ নং ভোমরাদহ ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও। | সদস্য | ০১৭৩১-৯৭৮৪২৮ | |
| ০৩ | মো: সহিদ হোসেন | চেয়ারম্যান, ০৩ নং খনগাঁও ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও | সদস্য | ০১৭১৩-৭২৪৯০৯ | |
| ০৪ | মো: জয়নাল আবেদীন | চেয়ারম্যান, ০৭ নং হাজীপুর ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও | সদস্য | ০১৭১৬৫০০১২৩ | |
| ০৫ | মো: রাকিব হোসেন | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও। | সদস্য সচিব | ০১৯৯-৫৮৪৩০৬০ | |

# উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটির সভার কার্য বিবরণী

সভাপতি : মো: রকিবুল হাসান, প্রশাসক, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
স্থান : উপজেলা পরিষদ হলরুম, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
তারিখ : ১২.০৩.২০২৫ খ্রি:
সময় : সকাল ১১.৩০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভার শুরুতে সভাপতি মহোদয় আসন গ্রহণ করার পর উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর কমিটির সদস্য সচিব কর্তৃক বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় । কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হয় । অত:পর সভায় নিম্নরুপ আলোচ্যসুচি ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | কৃষি বিষয়ক আলোচনা:<br>১ নং ভোমরাদহ ইউপির চেয়ারম্যান মহোদয় বলেন যে, কৃষি প্রণোদনার আওতায় অত্র ভোমরাদহ ইউপিতে অনেক কৃষক উপকৃত হয়েছেন, তবে আরও বেশি সংখ্যক কৃষককে সরকারের এই কৃষি প্রণোদনার আওতায় আনতে পারলে গ্রামের প্রান্তিক কৃষক উপকৃত হতো। কৃষি অফিসে যে প্রশিক্ষণ প্রদান করা হয় তা যদি মাঠ পর্যায়ে প্রদান করা হয় তাহলে আরও বেশি সংখ্যক কৃষককে সচেতন ও প্রণোদনার আওতায় আনা যেত। ফলশ্রুতিতে কৃষির উৎপাদন বৃদ্ধি সহ সাধারণ কৃষকের আর্থিক উন্নয়ন সহ জীবন মান উন্নত হতো।<br>সভায় সভাপতি মহোদয় বলেন যে, উপজেলা কৃষি অফিসারের সাথে পরামর্শ করে মাঠ পর্যায় কৃষকদের এ বিষয়ে সচেতনতা বৃদ্ধিমূলক কি কাযক্রম গ্রহণ করা যায় এবং আরও বেশি সংখ্যক কৃষককে প্রণোদনার আওতায় আনা যায় সে বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য সদস্য সচিবকে ব্যবস্থা গ্রহণ করতে বলেন। | দ্রুতই ০১ নং ভোমরাদহ, ০৩ নং খনগাঁও ও ০৭ নং হাজীপর ইউপির চেয়ারম্যান সহ সদস্য সচিবকে কৃষি অফিসারের সাথে যোগাযোগ করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি পীরগঞ্জ, ঠাকুরগাঁও। |
| ০২ | বিআরডিবি'র এসএমই ঋণ ও বীর মুক্তিযোদ্ধা ঋণ বিষয়ক আলোচনা:<br>সভায় ০৩ নং খনগাঁও ইউপির চেয়ারম্যান মহোদয় বলেন যে, বিআরডিবি কর্তৃক করোনাকালীন সময়ে স্বল্প সুদে ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ প্রদান করা হয়েছিলো। এই ঋণটি নিয়ে এলাকার ক্ষুদ্র উদ্যোক্তার বেশ লাভবান হয়েছে। এই ঋণ টি অধিক পরিমাণে বিতরণ করা গেলে আরও ভাল হতো। সদস্য সচিব বলেন যে, এই ঋণটি সামনের অর্থ বছর হতে বেশি বেশি সদস্যদের মাঝে বিতরণের নির্দেশনা রয়েছে। মর্মে আরও বেশি সংখ্যক সদস্যদের প্রোফাইল তৈরী করে ঋণের প্রস্তাব জেলা অফিসের মাধ্যমে ঢাকায় প্রেরণ করা হবে।<br>সভায় সদস্য সচিব আরও বলেন যে, বিআরডিবি পীরগঞ্জ অফিসের মাধ্যমে বীর মুক্তিযোদ্ধা প্রকল্পের আওতায় অত্র পীরগঞ্জ উপজেলায় প্রায় ৬০ (ষাট) জন বীর মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের ঋণ বিতরণ করা হয়। ঋণের টাকা গ্রহণ করলেও ঋণ পরিশোধে তাদের অনীহা। ঋণের টাকা আদায়ে সভায় সভাপতি মহোদয় সহ সকল সদস্যদের দৃষ্টি আকর্ষণ করা হলে সভাপতি মহোদয় ঋণের টাকা আদায়ে বিধি মোতাবেক সকল ব্যবস্থা গ্রহণের জন্য সদস্য সচিবকে নির্দেশনা প্রদান করেন। | দ্রুতই ০১ নং ভোমরাদহ ও ০৩ নং খনগাঁও ইউপির চেয়ারম্যান সহ সদস্য সচিবকে উপজেলা মৎস্য অফিসারের সাথে যোগাযোগ করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি পীরগঞ্জ, ঠাকুরগাঁও। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৩ | **নিয়মিত সভার আয়োজন ও উপস্থিতি নিশ্চিতকরণ:** কমিটির সভাপতি উক্ত কমিটির সভা নিয়মিতভাবে আয়োজন বিষয়ে সদস্য সচিব কার্যকরী উদ্যোগ গ্রহন করা এবং সকল সদস্য কে নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য আহ্বান জানান। তাছাড়া বিধি মোতাবেক সভার কার্যবিবরনী সকল সদস্যকে নিয়মিতভাবে পৌছানোর জন্য সদস্য সচিবকে পরামর্শ প্রদান করেন। | নিয়মিত সভা করা ও সভার কার্য বিবরনী সকলের নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি পীরগঞ্জ, ঠাকুরগাঁও। |
| ০৪ | বিবিধে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষনা করে | - | সভাপতি |

১২/৩/২৫

( মোঃ রকিবুল হাসান)
প্রশাসক, উপজেলা পরিষদ, পীরগঞ্জ,
ও
সভাপতি
উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
পীরগঞ্জ, ঠাকুরগাঁও

স্মারক নং-৪৭.৬২.৯৪.৮২.০০০.০৮.০০৬.২১- ২৬ তারিখ- ১২.০৩.২০২৫ খ্রিঃ

**অনুলিপি( সভার কার্যবিবরণী) সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :**

১। উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
২। চেয়ারম্যান, ০১ নং ভোমরাদহ ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৩। চেয়ারম্যান, ০৩ নং খনগাঁও ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৪। চেয়ারম্যান, ০৭ নং হাজীপুর ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৫। অফিস কপি ।

১২/০৩/২৫

( মোঃ রাকিব হোসেন )
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

CamScanner